



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০৮.২০.২৩৯

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯
১৬ মে ২০২২

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান

রাজবাড়ী জেলার ডাঃ আবুল হোসেন কলেজের অধ্যক্ষ পদ শূন্য হলে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে ১৬তম জ্যৈষ্ঠ শিক্ষককে যা নীতিমালার লঙ্ঘন। এ জন্য নীতিমালা লঙ্ঘন হয়েছে মর্মে অধ্যক্ষ পদে আবেদনকারী একজন শিক্ষক আবেদন করেছেন। উত্থাপিত অভিযোগসমূহ তদন্তে উপ-পরিচালক(কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা অঞ্চলকে তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। বিধি অনুযায়ী কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদ শূন্য থাকলে জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান করতে হবে। কিন্তু অত্র কলেজের জ্যেষ্ঠতার তালিকায় ১৬নং ক্রমিকধারী শিক্ষক জনাব মোঃ আতিয়ার রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ করা বিধি সম্মত হয়নি। যে সকল শিক্ষক অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদের জন্য আবেদন করেননি তাদের মধ্য হতে জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান করা হলে বিধি সম্মত হবে। জ্যেষ্ঠতার তালিকায় ১৬নং ক্রমিকধারী শিক্ষক জনাব মোঃ আতিয়ার রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান করা বিধি সম্মত হয়নি। অতএব বিধি লঙ্ঘন করায় ১৬নং ক্রমিকধারী শিক্ষক জনাব মোঃ আতিয়ার রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে পুনরায় অধ্যক্ষ নিয়োগের প্রক্রিয়া গ্রহণ করার জন্য এবং সে পর্যন্ত জ্যেষ্ঠ শিক্ষক চৌধুরী আহসানুল করিমকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অনতিবিলম্বে প্রদানের জন্য সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৫-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057
ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিংবডি, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী।
- ২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী। (অন্যথায় বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০৮.২০.২৩৯/১

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯
১৬ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চৌধুরী আহসানুল করিম, সহকারী অধ্যাপক, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী
- ২) ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, রাজবাড়ী শাখা, রাজবাড়ী (বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জনাব মোঃ আতিয়ার রহমানের স্বাক্ষরে বেতন ভাতা প্রদান না করার অনুরোধসহ)।

৯৮৫৮

১৬-৫-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক